**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা

নং- ২০.০৬.০০০০.০০০.৬১৭.১৪.০০১৭.২৫-৬১

তারিখঃ ১৮ কার্তিক ১৪৩২ / ০৩ নভেম্বর ২০২৫

**বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নীতিমালা।**

সরকারের উন্নয়ন অগ্রাধিকার, সম্পদের প্রাপ্যতা এবং চলমান প্রকল্পসমূহের অগ্রগতি বিবেচনায় বাস্তবতার নিরিখে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর প্রয়োজনীয় পরিবর্তনের মাধ্যমে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন করা হয়। পরিবেশবান্ধব টেকসই উন্নয়ন ও উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্য নিরসন, কর্মসংস্থান বৃদ্ধি এবং জনগণের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য অর্থনৈতিক খাতভিত্তিক লক্ষ্য অর্জনের ক্ষেত্রে এটি অন্যতম গুরুত্বপূর্ণ দলিল। বিদ্যমান সম্পদের সুষম বন্টনের মাধ্যমে এডিপিভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে চাহিদা ও বরাদ্দের সমন্বয়ের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৫-২৬ অর্থবছরেও আরএডিপি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। আরএডিপি প্রণয়নের সময় ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বরাদ্দ সংশোধন, নতুন অনুমোদিত প্রকল্পে বরাদ্দ প্রদান এবং অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে এ নীতিমালায় বর্ণিত প্রক্রিয়া/নির্দেশনাবলি আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

## ২। আরএডিপি প্রণয়নের প্রক্রিয়া:

**২.১** চলমান প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিতে প্রকল্পভিত্তিক চাহিদা ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রকল্প পরিচালক নিজ নিজ বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহের যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক (প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে) AMS এর মাধ্যমে প্রকল্পভিত্তিক চাহিদা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এছাড়া, প্রধান উপদেষ্টার কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতের চাহিদা AMS এর মাধ্যমে সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে।

**২.২** অর্থ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে আলোচনাক্রমে আরএডিপি এর আকার নির্ধারিত হয়। আরএডিপি'র মোট আকার প্রাপ্তির পর কার্যক্রম বিভাগ প্রকল্পসমূহের চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও সক্ষমতা, সেক্টর ভিত্তিক অগ্রাধিকার ইত্যাদি বিবেচনায় নিয়ে অর্থনৈতিক সেক্টর ভিত্তিক এবং মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ বিভাজন করে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ এবং মন্ত্রণালয়/বিভাগসমূহকে অবহিত করবে। এছাড়া, উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে।

**২.৩** পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টরের আওতায় মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ বিভাজন অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পভিত্তিক বরাদ্দ চূড়ান্ত করবে। প্রকল্পভিত্তিক চূড়ান্ত বরাদ্দ মন্ত্রণালয়/বিভাগ AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্প দপ্তরকে অবহিত করবে। অতঃপর পুনঃনির্ধারিত বরাদ্দ অনুযায়ী প্রকল্প দপ্তর অর্থনৈতিক কোডে সমন্বয় করে প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগ প্রাপ্ত প্রস্তাব নির্ধারিত তারিখের মধ্যে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ যাচাইপূর্বক তা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। উক্ত প্রস্তাব নির্ধারিত সময়ে AMS এর মাধ্যমে একই সাথে হার্ডকপি (মন্ত্রণালয়/বিভাগ ও সেক্টর বিভাগের যৌথ স্বাক্ষরে) কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে এবং তা যৌক্তিক মর্মে বিবেচিত হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারে।

**২.৪** কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পভিত্তিক পুনঃনির্ধারিত বরাদ্দ, উন্নয়ন সহায়তা বাবদ প্রস্তাবিত বরাদ্দ ও অননুমোদিত প্রকল্প তালিকাসহ অন্যান্য তথ্যাদি সংকলন করে খসড়া আরএডিপি প্রণয়ন করা হবে। প্রস্তুতকৃত খসড়া আরএডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভার সুপারিশক্রমে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের পর আরএডিপি চূড়ান্ত করা হবে।

২.৫ উল্লেখ্য, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ের উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। কার্যক্রম বিভাগ প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাই করবে এবং আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির মাধ্যমে তালিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য উপস্থাপন করবে। অনুচ্ছেদ ২.৪ এ বর্ণিত বরাদ্দ অনুমোদনের সময় উক্ত তালিকা একইসাথে অনুমোদিত হবে।

## ৩। চলমান প্রকল্পে চাহিদা প্রস্তাব প্রেরণে অনুসরণীয় নির্দেশনাবলি:

৩.১ আরএডিপি প্রণয়ন নীতিমালায় (অনুচ্ছেদ-৭) বর্ণিত সময়সীমা অনুসরণপূর্বক AMS এর মাধ্যমে প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (প্রকল্প পরিচালকের দপ্তর থেকে বাস্তবায়নকারী সংস্থায়, বাস্তবায়নকারী সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দের জন্য চাহিদা প্রস্তাব করতে হবে। উল্লেখ্য, **নীতিমালা জারির পর AMS এ চাহিদা আপলোডের কার্যক্রম শুরু হবে। নীতিমালায় বর্ণিত সময় অতিক্রান্ত হলে চাহিদা প্রেরণের সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় নির্ধারিত সময়ের মধ্যে AMS এর মাধ্যমে চাহিদা প্রেরণ নিশ্চিত করতে হবে;**

৩.২ বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্প, দারিদ্র্য নিরসন, কর্মসংস্থান বৃদ্ধি, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, মানব সম্পদ উন্নয়নের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব করতে হবে। বিদ্যমান বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় রেখে আরএডিপি'তে খাদ্য নিরাপত্তার লক্ষ্যে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, বিজ্ঞান ও প্রযুক্তি, বিদ্যুৎ উৎপাদন এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা ও ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পে অর্থ বরাদ্দের চাহিদা প্রদানে অগ্রাধিকার দিতে হবে। এছাড়াও সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (Green and Climate Resilient Development) এর লক্ষ্যমাত্রা অর্জনে সরাসরি প্রভাব ফেলবে এমন প্রকল্পসমূহকে বরাদ্দ প্রদানে বিশেষ অগ্রাধিকার দিতে হবে;

৩.৩ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, ক্রমপুঞ্জিভূত ব্যয় এবং বাস্তবতার নিরিখে কর্মপরিকল্পনা অনুসারে চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ে সম্ভাব্য ব্যয় বিবেচনায় যুক্তিসঙ্গতভাবে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে;

৩.৪ প্রকল্পের মোট রাজস্ব ব্যয় ও মোট মূলধন ব্যয় লক্ষ টাকার পরিবর্তে হাজার টাকায় প্রস্তাব করা যাবে;

৩.৫ ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি মূল বার্ষিক উন্নয়ন কর্মসূচির ব্যয় সীমার মধ্যে সংকুলানযোগ্য হতে হবে;

৩.৬ চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন তা ইতোমধ্যে ছাড়কৃত অথবা ব্যয়কৃত অর্থের তুলনায় কম না হয়। আরএডিপি অনুমোদন না হওয়া পর্যন্ত প্রস্তাবিত চাহিদার চেয়ে বেশি অর্থ ছাড়/ব্যয় করা যাবে না;

৩.৭ যে সকল প্রকল্পের ছাড়কৃত বরাদ্দ অব্যবহৃত থাকলে অর্থবছর শেষে চালানের মাধ্যমে ফেরৎ দিতে হয় সে সকল ক্ষেত্রে চালানের কপি আইবাসে এন্ট্রি নিশ্চিত করতে হবে। অন্যথায় প্রকৃত ব্যয় বেশি দেখানোর ফলে প্রাপ্যতা কমে যায় এবং চাহিদা প্রদানের জটিলতা সৃষ্টি হয়;

৩.৮ এডিপি'তে প্রাপ্ত বরাদ্দের চেয়ে আরএডিপি'তে অধিক প্রস্তাব করা হলে AMS এ যৌক্তিকতা উল্লেখ করতে হবে:

৩.৯ ইতোমধ্যে চলতি অর্থবছরে অতিরিক্ত বরাদ্দ প্রদান কিংবা উপযোজনের মাধ্যমে চলমান কোন প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হলে প্রকল্পের সংশোধিত বরাদ্দ প্রস্তাবে তা যথাযথভাবে প্রতিফলন করতে হবে;

৩.১০ চলতি অর্থবছরে যে সকল প্রকল্প সমাপ্ত হয়েছে/হবে সে সকল প্রকল্পও আবশ্যিকভাবে আরএডিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে;

৩.১১ চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে অর্থনৈতিক কোড ভিত্তিক চাহিদা যৌক্তিকভাবে হ্রাস/বৃদ্ধি করে প্রস্তাব প্রেরণ করতে হবে। এক্ষেত্রে AMS এ এন্ট্রিকৃত সর্বশেষ অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত প্রস্তাব করা যাবে না। এডিপিতে অন্তর্ভুক্ত কোন প্রকল্প অনুমোদন/সংশোধনের পর অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ AMS এ আপলোড করতে হবে। অতঃপর AMS এর মাধ্যমে আরএডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করে চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে। AMS এ অন্তর্ভুক্তি ব্যতীত নতুন অনুমোদিত প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্ত বা বরাদ্দের জন্য প্রস্তাব করা যাবে না;

৩.১২ বর্তমানে প্রকল্পের ক্ষেত্রে সিডি/ভ্যাট এর অর্থনৈতিক কোড বিলুপ্ত হয়েছে। সিডি/ভ্যাট বাবদ অর্থ সংশ্লিষ্ট পণ্য/সেবার কোডে অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া, ইতোমধ্যে প্রকল্পের ক্ষেত্রে যে সকল অর্থনৈতিক কোড বিলুপ্ত/পরিবর্তিত হয়েছে সেগুলোর বিকল্প কোডে চাহিদা প্রদান করতে হবে (যেমন: 'বৈদেশিক প্রশিক্ষণ' ও 'অভ্যন্তরীণ প্রশিক্ষণ' এর পরিবর্তে 'প্রশিক্ষণ')। উল্লেখ্য, AMS এ ইতোমধ্যে কোড পরিবর্তন করা হয়েছে। ডিপিপি'তে ভুল কোড থাকলে সংশ্লিষ্ট পরিপত্র মোতাবেক কোড সংশোধন করতে হবে;

৩.১৩ সংস্থার স্ব-অর্থায়নকৃত অর্থের বরাদ্দ (যদি থাকে) সঠিকভাবে প্রতিফলন করতে হবে;

৩.১৪ সংস্থার সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন যে সকল প্রকল্প এখনও এডিপি/আরএডিপি'তে অন্তর্ভুক্ত নেই, সে সকল প্রকল্প আবিশ্যকভাবে আরএডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৩.১৫ প্রকল্পসমূহে অর্থ বরাদ্দের চাহিদা প্রদানের ক্ষেত্রে এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের বিষয়টি বিবেচনায় নিতে হবে;

৩.১৬ বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পে চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ বিবেচনা করতে হবে। প্রকল্প ঋণ/অনুদান (ডিপিএল/ডিপিজি; আরপিএল/আরপিজি) ও DRGA-CF এর চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক সুপারিশকৃত বরাদ্দই (প্রকল্পের প্রাপ্যতা বিবেচনায়) চূড়ান্ত বলে গণ্য হবে। জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (DRGA-CF) জিওবি হিসেবে বিবেচিত হবে;

৩.১৭ বৈদেশিক ঋণ/অনুদান ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় জিওবি ম্যাচিং ফান্ড নিশ্চিত করতে হবে;

৩.১৮ প্রকল্পের জিওবি অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে **আবশ্যিকভাবে** বৈদেশিক মুদ্রার ঘরে প্রস্তাব করতে হবে। বৈদেশিক অর্থায়নের যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে করতে হবে;

৩.১৯ অনুমোদিত নতুন প্রকল্পের প্রকল্প দলিলে ভূমি অধিগ্রহণের সংস্থান থাকলে প্রথম অর্থবছরে ভূমি অধিগ্রহণ এবং প্রকল্প শুরু করার জন্য অত্যাবশ্যকীয় কাজের জন্য আরএডিপি'তে যৌক্তিকভাবে চাহিদা প্রস্তাব করতে হবে;

৩.২০ চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প **আবশ্যিকভাবে চিহ্নিত** করে এ সকল প্রকল্পে প্রয়োজনীয় অর্থের চাহিদা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতিসম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্পের চাহিদা হ্রাস করে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত করতে হবে। মন্ত্রণালয়/বিভাগ ও সেক্টরের সুপারিশসহ সমাপ্তির তালিকার হার্ডকপি অনুচ্ছেদ-৭ এ বর্ণিত সময়ের মধ্যে **কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে;**

৩.২১ প্রকল্পভিত্তিক চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি'তে বরাদ্দের পাশাপাশি ২০২৬-২৭ এবং ২০২৭-২৮ অর্থবছরের বরাদ্দের প্রক্ষেপণ AMS এ অন্তর্ভুক্ত করতে হবে;

৩.২২ Multi-Year Public Investment Programme (MYPIP) প্রকল্পের বাস্তবায়ন ও বছরভিত্তিক ব্যয় প্রবণতা বিশ্লেষণ করে ব্যয় প্রাক্কলন ও ব্যয় প্রক্ষেপণ অনুমান করে যে সকল সেক্টরের MYPIP প্রণীত হয়েছে সে সকল প্রকল্পের চাহিদা ও প্রক্ষেপণ তৈরিতে MYPIP ব্যবহার করতে হবে। উল্লেখ্য (১) শিল্প ও অর্থনৈতিক সেবা (২) কৃষি (৩) বিদ্যুৎ ও জ্বালানি (৪) পরিবহণ ও যোগাযোগ (৫) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন (৬) পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও পানি সম্পদ (৭) গৃহায়ণ ও কমিউনিটি সুবিধাবলী এবং (৮) স্বাস্থ্য সেক্টরের MYPIP ইতোমধ্যে প্রণীত হয়েছে; এবং

৩.২৩ এনইসি-তে চূড়ান্তকৃত এডিপি এর সকল তথ্য স্বয়ংক্রিয়ভাবে AMS থেকে iBas++ এ প্রেরণ করা হবে।

## ৪। আরএডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় (সবুজ পাতা) অন্তর্ভুক্তির ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলি:

৪.১ ২০২৫-২৬ অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্পসমূহ আরএডিপি'তে অন্তর্ভুক্তির জন্য **নতুনভাবে প্রস্তাব প্রেরণ করতে হবে** এবং আরএডিপি'তে অননুমোদিত নতুন প্রকল্প সংখ্যা বাস্তবসম্মতভাবে সীমিত রাখার দিকে লক্ষ্য রাখতে হবে। সকল প্রস্তাব আবশ্যিকভাবে **AMS এর মাধ্যমে** প্রেরণ করতে হবে;

৪.২ মন্ত্রণালয়ের Fiscal Space বিবেচনা করে প্রকল্পের ব্যয় নির্ধারণপূর্বক নতুন প্রকল্প প্রস্তাব করতে হবে;

৪.৩ সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে;

৪.৪ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে যাচাই সভার সুপারিশপ্রাপ্ত না হলে প্রস্তাব প্রেরণ/সুপারিশ করা যাবে না;

৪.৫ বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত হয়েছে বা নিশ্চিত অঙ্গীকার রয়েছে এমন সব প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অন্যান্য শর্ত শিথিল করে বিশেষভাবে বিবেচনা করতে হবে;

৪.৬ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের এলোকেশন অব বিজনেস এর সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে প্রস্তাব প্রেরণ/সুপারিশ করা যাবে না;

৪.৭ পঞ্চাশ কোটি টাকার উর্ধ্বে যে সকল বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন না হলে প্রস্তাব প্রেরণ/সুপারিশ করা যাবে না। এছাড়া, প্রকল্পের গুরুত্ব বিবেচনায় পঞ্চাশ কোটি টাকার নিম্নের প্রকল্পের ক্ষেত্রেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করতে হবে;

৪.৮ সীমিত সম্পদের সুষ্ঠু ও বাস্তবভিত্তিক ব্যবহার নিশ্চিতকরণে আবশ্যিকভাবে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় মন্ত্রণালয়/বিভাগের জন্য নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রকল্প গ্রহণ করতে হবে। মধ্যমেয়াদি বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণ ও চলমান প্রকল্পের দায় বিবেচনায় প্রকল্পটিতে কিভাবে অর্থায়ন করা হবে তা সুস্পষ্টভাবে **মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS এর 'মন্তব্য'** বক্সে লিপিবদ্ধ করতে হবে;

৪.৯ একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প পৃথকভাবে প্রস্তাব না করে একত্রে একটি প্রকল্পের আওতায় প্রস্তাব করতে হবে;

৪.১০ পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত Green Climate Resilient Development (GCRD) গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে। জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের লক্ষ্যে National Adaptation Plan (NAP) এবং Nationally Determined Contribution (NDC) এর আলোকে গৃহীত প্রকল্পসমূহকে অগ্রাধিকার দিতে হবে। এছাড়া, বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ দীর্ঘমেয়াদি পরিকল্পনায় চিহ্নিত প্রকল্পসমূহ অন্তর্ভুক্ত করতে হবে এবং Delta Appraisal Framework (DAF) অনুসরণ করে এ সকল প্রকল্প বাস্তবায়নকে গুরুত্ব দিতে হবে;

৪.১১ জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য বৈশ্বিক ও জাতীয় তহবিল হতে অর্থায়ন (Green Climate Fund, Adaptation Fund ইত্যাদি) প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। আরএডিপিতে এধরণের প্রকল্প প্রস্তাব করা হলে Bangladesh Climate Change Trust Fund (BCCTF) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;

৪.১২ যে সকল প্রকল্প প্রতিবেশগত সংকটাপন্ন এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এবং প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৪.১৩ দেশের বিভিন্ন এলাকায় নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধে পরিবেশ ও প্রতিবেশের বিষয়টি বিবেচনায় রেখে সমন্বিত নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে;

৪.১৪ জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৪.১৫ যে সকল বিনিয়োগ প্রকল্পে সরকারের অর্থায়নের পাশাপাশি সংস্থার নিজস্ব অর্থায়নের সংস্থান থাকবে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৪.১৬ নতুন কোন প্রতিষ্ঠান (প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) নির্মাণ বা প্রতিষ্ঠান সংক্রান্ত প্রকল্প গ্রহণের পূর্বে বিদ্যমান একই প্রকৃতির প্রতিষ্ঠানসমূহের কর্মক্ষমতা, কার্যকারিতা ও ভৌগোলিক অবস্থানসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি পর্যালোচনাপূর্বক যৌক্তিকতা বিবেচনায় প্রস্তাব করতে হবে;

৪.১৭ অনুমোদন প্রক্রিয়াকরণ অগ্রসর পর্যায়ে রয়েছে এমন প্রকল্প প্রস্তাবকে (অনুমোদনের জন্য উপস্থাপিত, পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন অগ্রাধিকার প্রদান করতে হবে। উল্লেখ্য, **প্রকল্প দলিল প্রণীত হয়নি এমন কোন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;**

৪.১৮ প্রস্তাবিত প্রকল্পে ভূমি অধিগ্রহণের সংশ্লিষ্টতা থাকলে ভূমি অধিগ্রহণের জন্য আলাদা প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.১৯ পরিচালন বাজেট হতে সম্পাদনযোগ্য Operational কাজের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ পরিহার করতে হবে। এছাড়া, বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৪.২০ কোন প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের জন্য বিবেচিত না হলে সে প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না; এবং

৪.২১ সকল নতুন অননুমোদিত প্রকল্প প্রস্তাব অনুমোদন করার পরপরই সংস্থা পর্যায়ে Project Processing Appraisal & Management System (PPS) এর মাধ্যমে আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত করতে হবে। PPS এ ডিপিপি অন্তর্ভুক্তি ব্যতীত প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের পরবর্তী কার্যক্রমে অগ্রসর করা যাবে না।

## ০৫। সরকারি বেসরকারি অংশীদারিত্ব (PPP) বিষয়ক প্রকল্প:

সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP) বাস্তবায়নাধীন এবং ২০২৫-২৬ অর্থবছরে প্রস্তাবিত নতুন প্রকল্প তালিকা আরএডিপিতে সংযুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ক' অনুসারে প্রচলিত নিয়মে Public Private Partnership Authority (PPPA) কর্তৃক কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপি)।

## ০৬। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড বিষয়ক প্রকল্প:

'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের' আওতায় গৃহীত প্রকল্পসমূহ সরকারি বিনিয়োগের অংশ হিসেবে আরএডিপিতে প্রতিফলনের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'খ' অনুসারে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপি)।

## ০৭। ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি:

২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি নীতিমালা জারির পর হতে AMS এর মাধ্যমে আরএডিপি প্রক্রিয়াকরণের যাবতীয় কার্যক্রম শুরু হবে এবং নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট পর্যায়ে কার্যক্রম আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে।

(ক) প্রকল্পের অনুকূলে চাহিদা প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচিঃ

| ক্র. নং | বিবরণ | AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ |
|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালকের দপ্তর কর্তৃক অর্থনৈতিক কোড ভিত্তিক চাহিদা AMS এ এন্ট্রিপূর্বক স্ব-স্ব বাস্তবায়নকারী সংস্থা বরাবর প্রেরণ | ১১/১১/২০২৫ |
| ২. | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক কোড ভিত্তিক প্রকল্পের চাহিদা যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | ১৮/১১/২০২৫ |
| ৩. | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের কোড ভিত্তিক চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ | ২৫/১১/২০২৫ |
| ৪. | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ কর্তৃক কোড ভিত্তিক চাহিদা পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ। উল্লেখ্য, একই সাথে মন্ত্রণালয় ও সেক্টর বিভাগের সুপারিশসহ চলতি অর্থবছরে **সমাপ্তিযোগ্য প্রকল্প তালিকা (হার্ডকপি)** কার্যক্রম বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ০২/১২/২০২৫ |

(খ) অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচিঃ

| ক্র. নং | বিবরণ | AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ |
|---|---|---|
| ১. | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, বৈদেশিক অর্থায়নপুষ্ট এবং নিজস্ব অর্থায়ন) আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | ১৮/১১/২০২৫ |
| ২. | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নতুন প্রকল্প প্রস্তাব উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ AMS এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ | ২৫/১১/২০২৫ |
| ৩. | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ নতুন প্রকল্প প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ | ০২/১২/২০২৫ |

০৮। উপর্যুক্ত নির্দেশনা এবং বর্ণিত সময়সূচি অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি’র জন্য চাহিত সকল তথ্যাদি AMS (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৫.১১.২০২৫

(এস এম শাকিল আখতার)
সদস্য (সচিব)

সিনিয়র সচিব/সচিব
.................................................................. মন্ত্রণালয়/বিভাগ।
.......................................................................................।

নং- ২০.০৬.০০০০.০০০.৬১৭.১৪.০০১৭.২৫-৬১/১

তারিখঃ ১৮ কার্তিক ১৪৩২ / ০৩ নভেম্বর ২০২৫

<u>অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। সংস্থা প্রধান (সকল)।
৫। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক (সকল)।
৭। মাননীয় পরিকল্পনা উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।**
৮। সদস্য (সচিব) মহোদয়ের একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(নীতিমালাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।**

০৬.১১.২০২৫

(মোহাম্মদ সাজেদুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ২২২২১৬৫০৯

## ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ

বাস্তবায়নকারী সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রম | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়ন পর্যায় | অনুমোদন পর্যায় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

**বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।**

ছক-খ

## জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের তথ্য:

সেক্টরঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ

বাস্তবায়নকারী সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রম | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় | প্রকল্প এলাকা | জলবায়ু পরিবর্তন থিমেটিক এরিয়া |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |